সংবাদ

তারিখ 20 JAN 2016

# বেসরকারি শিক্ষক কর্মচারীদের বিক্ষোভ

সংবাদ জাতীয় ডেস্ক

গত সোমবার ৮ম বেতন স্কেল বাস্তবায়নের দাবিতে বেসরকারি শিক্ষক কর্মচারীরা দেশের বিভিন্ন স্থানে বিক্ষোভ ও সমাবেশ করে। প্রতিনিধিদের পাঠানো তথ্যে বিস্তারিত :

## মদন (নেত্রকোনা)

নেত্রকোনা মদন উপজেলায় গত সোমবার বাংলাদেশ শিক্ষক সমিতি মদন উপজেলার উদ্যোগে অষ্টম পে-স্কেলে অন্তর্ভুক্ত না হওয়ার শিক্ষক কর্মচারীরা মানববন্ধন. ও বিক্ষোভ সমাবেশ করেন। উপজেলার নির্বাহী অফিসারের কার্যালয়ের প্রাঙ্গণে মাধ্যমিক শিক্ষক কর্মচারীর কল্যাণ সমিতির সভাপতি আয়শা আক্তারের সভাপতিত্বে বিক্ষোভ সমাবেশে বক্তৃতা করেন সাধারণ সম্পাদক মো. রফিকুল ইসলাম খোকন, অধ্যক্ষ মনজুরুল হক খান, শামছুল ইসলাম, সাবেক সভাপতি- আবু হান্নান তালুকদার, শিক্ষক নেতা মোস্তফা.কামাল হিরণ প্রমুখ।

## চাটখিল (নোয়াখালী)

গত ২০ ডিসেম্বরে ২০১৫ইং এ জারি করা সরকারি প্রজ্ঞাপণে বেতনের পরিবর্তনে অনুদান সাহায়তা শব্দটি প্রত্যাহার ও ৮ম জাতীয় পে-স্কেলে সরকারি শিক্ষকদের সঙ্গে এমপিওভুক্ত শিক্ষক কর্মচারীদের শর্তহীনভাবে অন্তর্ভুক্তকরণ দ্রুত বাস্তবায়নের দাবিতে গত সোমবার সকালে চাটখিলে বিক্ষোভ সমাবেশ মিছিল ও স্মারকলিপি প্রদান করেছে। বাংলাদেশ শিক্ষক সমিতি চাটখিল উপজেলা শাখা। বেলা ১১টায় অনুষ্ঠিত শিক্ষকদের বিক্ষোভ মিছিলটি পৌরশহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা পরিষদের সামনে এসে সমাবেশের আয়োজন করে। এতে বক্তৃতা করেন বাংলাদেশ শিক্ষক সমিতির নোয়াখালী জেলা সাংগঠনিক সম্পাদক মো. নোমান উদ্দীন, চাটখিল উপজেলার সভাপতি মোরশেদ আলম স্বপন, সেক্রেটারি মো. হানিফ প্রমৃখ।

## শরণখোলা (বাগেরহাট)

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের শর্তহীন ৮ম জাতীয় বেতন স্কেল বাস্তবায়নের দাবিতে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দিয়েছেন বাগেরহাটের শরণখোলার শিক্ষক-কর্মচারীরা। 'গত সোমবার শিক্ষক সমিতির পক্ষ থেকে উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে এ স্মারকলিপি প্রদান করা। সমিতির আহ্বায়ক মো. সুলতার আহমেদ গাজী ও সদস্য সচিব মো. ফারুক আহমেদ স্বাক্ষরিত ওই স্মারকলিপিতে উল্লেখ করা হয়, বেসরকারি শিক্ষক-কর্মচারীরা এযাবৎকাল কোনো শর্ত ছাড়াই জাতীয় বেতন স্কেল পেয়ে আসছেন। কিন্তু ৮ম বেতন স্কেল প্রদানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের কার্যক্রম পর্যালোচনা ও যোগ্যতাভিত্তক অনুদান-সহায়তা বৃদ্ধির বিষয়টি শিক্ষক-কর্মচারীদের মারাত্মকভাবে আহত করেছে। শিক্ষক-কর্মচারীদের আন্দোলনের দিকে ধাবিত না করে দ্রুত বিষয়টি সমাধানের জন্য প্রধানমন্ত্রীর কাছে দাবি জানানো হয়েছে স্মারকলিপিতে।

## স্বরূপকাঠি

বাংলাদেশ শিক্ষক সমিতি স্বরূপকাঠি পুর্বাঞ্চল শাখার উদ্যোগে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের পে-স্কেল নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের গেজেট বিবৃতির বক্তব্যের প্রতিবাদ ও শর্তহীনভাবে ৮ম জাতীয় বেতনস্কেল কার্যকরের দাবিতে স্বরূপকাঠিতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। গত সোমবার উপজেলা পরিষদ চত্বরে ঘন্টাব্যাপী ওই মানববন্ধনে শত শত শিক্ষক ও কর্মচারী অংশ নেয়। এ সময় সংক্ষিপ্ত সমাবেশে বক্তৃতা করেন প্রধান শিক্ষক মো. মোশারফ হোসেন, শিক্ষক ধীরেন হালদার, মো. কামাল হোসেন, রবীন হালদার ও সুভাষ বৈষ্ণব প্রমুখ।




গত সোমবার ৮ম জাতীয় বেতন স্কেল বাস্তবায়নের দাবিতে মানববন্ধন কর্মসূচি পালন করেন বাংলাদেশ শিক্ষক সমিতি ফরিদপুর জেলা ও উপজেলা শাখার শিক্ষক-কর্মচারীরা -সংবাদ

## ফরিদপুর

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের জন্য শর্তহীনভাবে ৮ম জাতীয় বেতন স্কেল বাস্তবায়নের দাবিতে গত সোমবার দুপুরে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করেছে বাংলাদেশ শিক্ষক সমিতি ফরিদপুর জেলা ও সদর উপজেলা শাখার শিক্ষক-কর্মচারী বৃন্দ। মানববন্ধন চলাকালে বক্তব্য রাখেন- আবুল কালাম আজাদ, মো. সিদ্দিকুর রহমান, মো. রেজাউদ্দিন আহমেদ, মো. জয়নুল আবেদন, শফিউদ্দিন মোল্যা, মো. ওহিদুর রহমান, মো. জিন্নাত আলী।

## গোপালপুর (টাঙ্গাইল)

বেসরকারি শিক্ষক-কর্মচারীদের নিঃশর্তভাবে অষ্টম বেতন স্কেল প্রদানের দাবিতে গত সোমবার উপজেলা পরিষদ চত্বরে মানববন্ধন অনুষ্ঠিত হয়। বাংলাদেশ শিক্ষক সমিতি গোপালপুর উপজেলা শাখার উদ্যোগে মানববন্ধনে সহস্রাধিক শিক্ষক অংশ নেন। এতে বক্তৃতা করেন শিক্ষক সমিতির সম্পাদক শফিকুল ইসলাম তালুকদার, আবদুল জলিল তালুকদার, মেহেরুল আলম হিরণ, জগনবী লেবু, সুজন বন্ধু কুন্ডু, কামরুল ইসলাম, মোহাম্মদ গোলাম ফারুখ, অধ্যাপক অমূল্য চন্দ্র বৈদ্য প্রমুখ।

## ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ)

ময়মনসিংহের ঈশ্বরগঞ্জে বেসরকারি শিক্ষক কর্মচারীরা অষ্টম জাতীয় বেতন স্কেল বাস্তবায়নের দাবিতে মানববন্ধন বিক্ষোভ সমাবেশ ও প্রধানমন্ত্রী বরাবরে স্মারকলিপি পেশ করেছে। গত সোমবার ময়মনসিংহ কিশোরগঞ্জ সড়কে উপজেলা পরিষদ সম্মুক্ষে মানববন্ধন কর্মসূচি শেষে বাংলাদেশ শিক্ষক সমিতি ঈশ্বরগঞ্জ উপজেলা শাখার সভাপতি সুলতান উদ্দিনের সভাপতিত্বে বক্তৃতা করেন সমিতির সাধারণ সম্পাদক কামরুজ্জামান মহিলা কলেজের অধ্যক্ষ মহিরউদ্দিন তালুকদার মতিউর রহমান প্রমুখ।

## বরিশাল

শর্তহীনভাবে ৮ম বেতন স্কেল কার্যকর, শিক্ষা জাতীয়করণসহ বিভিন্ন দাবি আদায়ে রাস্তায় নেমেছে সারাদেশের সঙ্গে বরিশালের শিক্ষকরাও। কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে বরিশাল কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশিস) ও জেলা শিক্ষক সমিতি গত সোমবার সকালে সদর রোডে বিবির পুকুর পাড় ও অশ্বিনী কুমার হলের সামনে পৃথক পৃথকভাবে মানববন্ধন কর্মসূচি পালন করে। বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির বরিশাল আঞ্চলিক কমিটির সভাপতি অধ্যক্ষ তপংকর চক্রবর্তীর সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধনে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির যুগ্ম সম্পাদক অধ্যক্ষ মিজানুর রহমান সেলিম, আঞ্চলিক কমিটির সম্পাদক অধ্যাপক জলিলুর রহমান, বরিশাল জেলা কমিটির সভাপতি অধ্যক্ষ মশিউর রহমানসহ মহানগর ও উপজেলার শিক্ষক নেতৃবৃন্দরা।

## কালকিনি (মাদারীপুর)

শর্তহীনভাবে ৮ম জাতীয় বেতন স্কেল বাস্তবায়নের দাবিতে বাংলাদেশ শিক্ষক সমিতি কালকিনি উপজেলা শাখার উদ্যোগে বিক্ষোভ মিছিল ও ইউএনওর কাছে স্মারকলিপি পেশ করা হয়েছে। গত সোমবার সকালে উপজেলার থানার মোড় থেকে মিছিল শুরু করে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে প্রধানমন্ত্রীর উদ্দেশ্যে ইউএনওর কাছে স্মারকলিপি প্রদান করা হয়। এ সময় শিক্ষক সমিতি উপজেলা শাখার সভাপতি আবুল কালাম আজাদ, সাধারণ সম্পাদক বিএম হেমায়েত হোসেন, সহ-সাধারণ সম্পাদক বশির আহম্মেদ, সাংগঠনিক সম্পাদক সাইমুম হাসান হায়দারসহ প্রমুখ বক্তৃতা করেন।

## ত্রিশাল (ময়মনসিংহ)

শর্তহীনভাবে অষ্টম জাতীয় বেতন স্কেল বাস্তবায়নের দাবিতে জাতীয় কর্মসূচির অংশ হিসেবে ময়মনসিংহের ত্রিশালে বাংলাদেশ শিক্ষক সমিতি ত্রিশাল শাখার উদ্যোগে গত সোমবার শিক্ষকরা বিক্ষোভ সমাবেশ মানববন্ধন ও স্মারকলিপি প্রদান করেন। সকাল ১১টায় স্থানীয় নজরুল একাডেমি মাঠে বাংলাদেশ শিক্ষক সমিতি ত্রিশাল শাখার সাধারণ সম্পাদক ও পোড়াবাড়ী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক অবিনাশ চন্দ দামের পরিচালনায় আয়োজিত সমাবেশে বাংলাদেশ শিক্ষক সমিতি ত্রিশাল শাখার সভাপতি আবদুল মতিনের সভাপতিত্বে বক্তৃতা করেন নজরুল একাডেমির প্রধান শিক্ষক মেজবাহ উদ্দিন, ত্রিশাল নজরুল বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলাম কাশিগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুরুল আমিন, বাগান ইসলামীয়া উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক ইবনে খালেদ, আলী আকবর ভূঁইয়া বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক হারুন অর রশিদ প্রমুখ।

## আমতলী

বরগুনার আমতলীতে গত সোমবার সকালে শর্তহীনভাবে ৮ম জাতীয় বেতন স্কেল বাস্তবায়নের দাবিতে বাংলাদেশ শিক্ষক সমিতি মানববন্ধন করেছে। সকাল ১০টায় আমতলী উপজেলা পরিষদ চত্বরে ঘন্টাব্যাপী মানববন্ধনে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা অংশগ্রহণ করেন। মানববন্ধন চলাকালে বক্তৃতা করেন বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি আবদুর রশিদ মিয়া, সাধারণ সম্পাদক এন. আর হুমায়ুন কবির, প্রধান শিক্ষক মো. নাশির উদ্দিন, মো. বাদল তালুকদার, দেলোয়ার মিয়া, তাসলিমা বেগম, নিয়াজ মোর্শেদ, নুরুল ইসলাম ও দেলোয়ার হোসেন প্রমুখ।

## রায়পুরা (নরসিংদী)

রায়পুরা বাংলাদেশের সর্ববৃহৎ উপজেলা বাংলাদেশ শিক্ষক সমিতি রায়পুরা উপজেলা শাখার উদ্যোগে গতকাল সোমবার উপজেলা পরিষদ চত্ত্বরে বাংলাদেশ শিক্ষক সমিতি. রায়পুরা উপজেলা শাখার উদ্যোগে এক মিলন মেলা অনুষ্ঠিত হয়। ১৯২১ সালে প্রতিষ্ঠিত একমাত্র রেজিস্টার্ট ও মুক্তিযুদ্ধের স্বপক্ষের শিক্ষক সংগঠন বাংলাদেশ শিক্ষক সমিতি এর পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রী ও জননেত্রী শেখ হাসিনার নিকট বাংলাদেশ শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির অংশ বিশেষ রায়পুরায় শিক্ষক কর্মচারীবৃন্দ এক সমাবেশে বক্তব্য রাখেন। বক্তারা বলেন আমরা মুক্তিযুদ্ধের স্বপক্ষের শক্তি শিক্ষকরা জাতির মেরুদন্ড সমাজ ও সভ্যতার বিবেক জাতি গঠনের স্থপতি। তাই আমাদের অনুদান নয় আমাদেরকে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে এমপিওভুক্ত শিক্ষক কর্মচারীদের জন্য শর্তহীনভাবে ৮ম জাতীয় বেতন স্কেল বাস্তবায়ন ও বহাল রাখার দাবিতে আপনার নিকট আমাদের সবিনয় অনুরোধ। সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য রাখেন বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির রায়পুরা উপজেলা শাখার সভাপতি রায়পুরা ডিগ্রী কলেজের অধ্যাপক ও হিসাব বিজ্ঞানের প্রধান মনিরুল ইসলাম, রায়পুরা উপজেলা শিক্ষক সমিতির সভাপতি ইসলামপুর বহুমুখী বিদ্যালয়ের প্রধান শিক্ষক হারুন-অর-রশিদ, সাধারণ সম্পাদক আবুল হাসেম উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল মালেক, প্রমুখ।